# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

নং-বিবিধ/ ৫৭৯                                                                                   তারিখ : ৪/৪/২০১৯

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ পরিচ্ছন্নতা সম্পর্কিত ইতোপূর্বে জারিকৃত পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত কার্যক্রম প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-১০৭, তারিখ: ০১/০৪/২০১৯খ্রি:

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Sustainable Development Goal-4 (SDG-4) অর্জনের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে পরিস্কার-পরিচ্ছন্ন, মানসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। জ্ঞানার্জনের পাশাপাশি শিক্ষা কার্যক্রমের আওতায় পরিস্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্রটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৪/০৪/১৯

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সংযুক্তি:

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-১০৭, তারিখ: ০১/০৪/২০১৯খ্রি:।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

**পরিপত্র**

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩- ১০৭

তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ / ০১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

Sustainable Development Goal-4 (SDG-4) অর্জনের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। জ্ঞানার্জনের পাশাপাশি শিক্ষা কার্যক্রমের আওতায় পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

২.০ পরিচ্ছন্নতা সম্পর্কিত ইতোপূর্বে জারীকৃত পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত কার্যক্রম

২.১ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ পরিচ্ছন্নতা সম্পর্কিত পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি/একজন সদস্য কর্তৃক প্রত্যয়ন করে প্রতি রবিবার উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ই-মেইল এ জেলা শিক্ষা অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন;

২.২ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসকবৃন্দ কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন কালে পূর্বে জারীকৃত পরিপত্রে উল্লেখিত পরিচ্ছন্নতার বিষয়গুলো পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন এবং সংশ্লিষ্ট মহাপরিচালক বরাবর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন;

২.৩ সবুজ ও পরিচ্ছন্ন স্কুল ( Green School, Clean School) ওয়েবপেইজে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচ্ছন্নতার তথ্যাদি আপলোড করতে হবে;

২.৪ গুরুত্বপূর্ণ স্থান, স্থাপনা, বাড়িঘর পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিয়মিত মা/অভিভাবক সমাবেশ করবে;

২.৫ যে কোনো সরকারি কর্মকর্তা মাঠ পর্যায়ে পরিদর্শনকালে কমপক্ষে দুটি শিক্ষা প্রতিষ্ঠান ভিজিট করবেন। পরিদর্শনকালে সকল শিক্ষক উপস্থিত আছেন কিনা এবং পরিচ্ছন্নতা সম্পর্কিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করবেন এবং পরিদর্শন প্রতিবেদনে তা লিপিবদ্ধ করবেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০১.০৪.২০১৯
(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩- ১০৭

তারিখ: ১৮ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
০১ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল।
৭. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকা।
৮. যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা।
১০. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১১. পরিচালক, এইচএসটিটিআই (সকল), শিক্ষা মন্ত্রণালয়।
১২. আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, (সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধসহ) মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব..............................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৪. বিভাগীয় কমিশনার....................................................................................... (সকল)।
৫. জেলা প্রশাসক..............................................................................................(সকল)।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৭. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা...........................................................................(সকল)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০১/০৪/২০১৯
(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪২৫
ই-মেইল: ds_sec2@moedu.gov.bd